# বিজ্ঞপ্তি/নোটিশ

**সহকারী পরিচালক-এর শূন্য পদে জনবল নিয়োগের MCQ পরীক্ষা-২০২২ এর পরীক্ষার কক্ষ পরিদর্শকগণের জন্য নির্দেশনা।**

১. কক্ষ পরিদর্শকগণ বিকাল ২:৩০ ঘটিকায় সংশ্লিষ্ট কেন্দ্রের নিয়ন্ত্রণ কক্ষে উপস্থিত হয়ে পরীক্ষা সংক্রান্ত বিফ্রিং এ অংশগ্রহণ করবেন, ৩:০০ ঘটিকায় নির্ধারিত কক্ষে চলে যাবেন, ৩:১৫ মিনিটে উত্তরপত্র (OMR সীট) প্রদান করবেন, সংশ্লিষ্ট কক্ষে বিকাল ৩:৩০ ঘটিকায় প্রশ্নপত্র বিতরণ করবেন এবং পরীক্ষা শুরু করবেন।

২. নির্ধারিত কক্ষ হতে উত্তরপত্র সংগ্রহ করতে হবে। প্রশ্নপত্র বিতরণের পর (বিকাল ৩:৩০ মিনিট) কোন প্রার্থীকে পরীক্ষা হলে প্রবেশ করতে দেয়া হবে না।

৩. পরীক্ষা কক্ষে পরিদর্শকগণ প্রার্থীর প্রবেশপত্রের ছবি ও রোল নম্বর যাচাই করবেন। প্রবেশপত্রে উল্লিখিত রোল নম্বর উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী সঠিকভাবে লিখেছেন কিনা ও স্বাক্ষর করেছেন কিনা এবং প্রার্থীর প্রবেশপত্র ও হাজিরা তালিকার ছবি অভিন্ন কিনা তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন এবং উত্তরপত্রে পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। কোন প্রার্থীর প্রবেশপত্রের ছবির সাথে হাজিরা তালিকার ছবির গরমিল পাওয়া গেলে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪. পরীক্ষা কেন্দ্রে বই পুস্তক, সকল প্রকার ঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর, সকল ধরণের ইলেকট্রনিক ডিভাইস, ব্যাংক কার্ড/ক্রেডিট কার্ড সদৃশ কোন ডিভাইস, গহনা ও ব্যাগ আনা সম্পূর্ণ নিষিদ্ধ। বর্ণিত নিষিদ্ধ সামগ্রীসহ কোন প্রার্থী পরীক্ষা কক্ষে প্রবেশ করতে পারবেন না।

৫. পরীক্ষার সময় প্রার্থীরা কানের ওপর কোন আবরণ রাখবেন না, কান খোলা রাখতে হবে।

৬. কোন প্রার্থী পরীক্ষায় নকল করলে বা মোবাইল ফোন বা কোন ধরণের ইলেকট্রনিক ডিভাইসসহ প্রবেশ এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে কোন অসদুপায় অবলম্বন করলে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. পরিচয়পত্র ব্যতীত কেউ পরীক্ষা কক্ষে প্রবেশ করতে পারবেন না।

৮. বিকাল ৪:৩০ মিনিট পরীক্ষা শেষ হবে। প্রার্থীরা প্রশ্নপত্র ও OMR সীটসহ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর প্রার্থীরা স্বাস্থ্যবিধি অনুসরণ করে নির্দিষ্ট শারীরিক দূরত্ব বজায় রেখে ধীরে ধীরে পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। প্রার্থীরা প্রশ্নপত্র সাথে নিয়ে যেতে পারবেন না।

৯. পরীক্ষা শেষে কক্ষ পরিদর্শকগণ ব্যবহৃত উত্তরপত্র নির্ধারিত খামে ভরে সরাসরি কেন্দ্রের নিয়ন্ত্রণ কক্ষে উপস্থিত হবেন।

৭.১৮/১০/২২

**(মোঃ শাহজাহান)**
মহাপরিচালক, বার্ড
টেলিফোন নং-০৮১-৬৩৬০০
**E-mail: dg@bard.gov.bd**